

বাউবি/পরীক্ষা/এমএড/১৪৩ (পার্ট-১)/১৯৯৯৬০৬

তারিখ: ০৩ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ  
২১ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

আঞ্চলিক পরিচালক  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : বাউবি এমএড পরীক্ষা-২০২৩ (২৩২ টার্ম) এর ফলাফলে অভিযোগকারীদের এবং উত্তরপত্র পুনঃনিরীক্ষণ এর জন্য আবেদনকারী শিক্ষার্থীদের ফলাফল প্রকাশ এবং পুনঃপরীক্ষার ফি জমা দান প্রসঙ্গে।

জনাব,  
উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবি পরিচালিত এমএড পরীক্ষা-২০২৩ (২৩২ টার্ম) এর ফলাফলের প্রেক্ষিতে যে সকল শিক্ষার্থী নির্ধারিত সময়ে অভিযোগ (PR/AB/No Fee কোর্স সংক্রান্ত) দাখিল এবং উত্তরপত্র পুনঃনিরীক্ষণ এর জন্য (নির্দিষ্ট ফি দিয়ে) আবেদন করেছেন সে সকল শিক্ষার্থীদের আবেদনসমূহ যাচাই ও উত্তরপত্র পুনঃনিরীক্ষণ করে সংশোধিত ফলাফল ১৫/০৯/২০২৫ ইং তারিখ প্রকাশ করা হলো।

চূড়ান্ত/সেমিস্টার ভিত্তিক ফলাফল result.bou.ac.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য আবেদনকারী শিক্ষার্থীগণ উক্ত ওয়েব সাইটের নোটিশ বোর্ডে ফলাফল পরিবর্তন/অপরিবর্তনের বিষয়টি জানতে পারবেন। উল্লেখ্য, PR/AB/No Fee/কোর্স সংক্রান্ত সমস্যার কারণে যারা অভিযোগ করেছেন, তারা তাদের অভিযোগের বর্তমান অবস্থা (স্ট্যাটাস) exam.bou.ac.bd ওয়েব সাইটে দেখতে পাবেন।

২. অভিযোগ দাখিলকারী শিক্ষার্থীদের মধ্যে সংশোধিত ফলাফলে অকৃতকার্য/অনুপস্থিত শিক্ষার্থীগণ, উত্তরপত্র পুনঃনিরীক্ষণে যে সকল শিক্ষার্থীর ফলাফল অপরিবর্তিত রয়েছে শুধুমাত্র সে সকল শিক্ষার্থীগণ এমএড পরীক্ষা-২০২৫ এ অংশগ্রহণের জন্য অন-লাইনে পুনঃপরীক্ষার আবেদন ফি (প্রতি কোর্স ১২০/-) টাকা অদ্য ২১/০৯/২০২৫ইং থেকে ২৭/০৯/২০২৫ইং তারিখের মধ্যে মোবাইল ক্যাশ 'নগদ' এর মাধ্যমে জমা দিতে পারবেন।

৩. exam.bou.ac.bd ওয়েব সাইটের "পুনঃনিরীক্ষণ ও পুনঃপরীক্ষা" লিংকে গিয়ে পুনঃপরীক্ষার আবেদন ফি জমা প্রদান করতে হবে (উক্ত লিংকে আবেদন এবং ফি জমা দেয়ার নিয়মাবলী দেয়া আছে)। নির্ধারিত তারিখের পর পুনঃপরীক্ষার ফি জমা দেয়া যাবে না।

এমতাবস্থায়, উল্লেখিত তথ্যাদি আপনার আঞ্চলিক এবং উপ-আঞ্চলিক কেন্দ্রাধীন সকল স্টাডি সেন্টার ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

ধন্যবাদসহ,

মোঃ হাবিবুল্লাহ মাহামুদ  
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১. ডিপু, এসওই, বাউবি।
২. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি ওয়েব পেইজে প্রকাশ করার জন্য অনুরোধ করা হ'ল)।
৩. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৪. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫. একান্ত সচিব, প্রো-উপাচার্য (শিক্ষা) এর দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. যুগ্ম-আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/সহ-আঞ্চলিক পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র(সকল), বাউবি।
৭. সহকারী সিনিয়র প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।
৮. সংরক্ষণ নথি।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়	
কম্পিউটার বিভাগ	
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়	
ডায়েরী নং	৩৬২৭
তারিখঃ	২২/৯/২৫
সিস্টেম এনালিস্ট/ডেপুটি সিস্টেম এনালিস্ট/ওয়েব মাস্টার/ সহঃ প্রোগ্রামার/ASANA	
সহঃ সিস্টেম এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/HME	
সহঃ পরিচালক/সহকারী প্রোগ্রামার/AHME	

২১/৯/২৫